১২৭

ভোরের কাগজ

তারিখ MAR. 5 1999
পৃষ্ঠা ১২ কলাম ৭

বইমেলা কথকতা

# বইমেলায় আলোচিত বইগুলো

মানস ঘোষ : অতীতে এ দেশে বইয়ের জন্মমাস ছিল বৈশাখ। বৈশাখ এলেই প্রকাশিত হতো বিভিন্ন ধরনের বই। আশির দশকের শুরু থেকে ধীরে ধীরে চিত্রটা পাল্টে যায়। এ সময় থেকে জমতে থাকে বাংলা একাডেমীর একুশের বইমেলা। প্রকাশকরাও ফেব্রুয়ারিকে বই প্রকাশের মাস হিসেবে বেছে নেন। এ দেশে এখন সর্বাধিক বই প্রকাশ ও বিক্রি হয় ফেব্রুয়ারিতেই। এ বছরও বইমেলা উপলক্ষে প্রকাশিত হয়েছে প্রচুর বই। এর মধ্যে রয়েছে মননশীল এবং সৃজনশীল বেশ কিছু বই। এ মেলায় প্রকাশিত মননশীল বইগুলোর মধ্যে আলোচিত কিছু বইয়ের সংক্ষিপ্ত পরিচিতি ভোরের কাগজ-এর পক্ষ থেকে প্রকাশের উদ্যোগ নেওয়া হচ্ছে। আজ ছাপা হলো ৫টি বইয়ের পরিচিতি। আগামীকালও আরো কিছু বইয়ের পরিচিতি তুলে ধরা হবে।

**নির্বাচিত প্রবন্ধ, আহমদ শরীফ**

মৃত্যুর মাত্র তিনদিন আগে প্রকাশিত আহমদ শরীফের নির্বাচিত প্রবন্ধগুচ্ছের এই বইটি এবারের মেলায় আলোচিতদের মধ্যে অন্যতম। বইটিতে সাহিত্য ও সংস্কৃতি, ইতিহাস, সমাজ ও রাজনীতি এবং শিক্ষা– এই চারটি বিষয়ে আহমদ শরীফের ৩১টি প্রবন্ধ স্থান পেয়েছে। প্রকাশক : আগামী, মূল্য : ২০০ টাকা।

**কবি তুমি নহ গুরুদেব, মুহাম্মদ হাবিবুর রহমান**

মুহাম্মদ হাবিবুর রহমানের অন্যতম আগ্রহ ও চর্চার বিষয় রবীন্দ্রনাথ। এক্ষেত্রে তাঁর ইতিমধ্যে প্রকাশিত চারটি গ্রন্থ সুধীজনের মনোযোগ আকর্ষণ করেছে। বর্তমান বইটি এ ধারারই নবতর সংযোজন। রবীন্দ্র-প্রতিভার এ পর্যন্ত অনালোচিত বা অপেক্ষাকৃত কম আলোচিত নানা দিকের ওপর এ গ্রন্থে লেখকের ১২টি প্রবন্ধ রয়েছে। প্রকাশক : সময়, মূল্য : ৮০ টাকা।

**লোরকা ও অন্যান্য, কবীর চৌধুরী**

এ গ্রন্থে ১০ জন সাহিত্যিক ও তাঁদের সাহিত্যকর্ম নিয়ে ১০টি প্রবন্ধ সঙ্কলিত হয়েছে। আলোচিত লেখকরা হলেন– ফেদেরিকো গার্সিয়া লোরকা, উইলিয়াম ফকনার, রবার্ট পেন, লেভ তলস্তোয়, জেমস জয়েস, হারমান হেস, ফ্রাঞ্জ কাফকা, মির্জা গালিব, অন্নদাশঙ্কর রায় ও অরুন্ধতী রায়। বিভিন্ন ভাষার এইসব শক্তিশালী লেখকের জীবন ও সামগ্রিক সাহিত্যকর্মের সংক্ষিপ্ত কিন্তু যথাসম্ভব পূর্ণাঙ্গ পরিচয় রয়েছে। প্রকাশক : জাতীয় গ্রন্থ প্রকাশ, মূল্য : ৭০ টাকা।

**আমার চোখে, আনিসুজ্জামান**

'আমার চোখে' নাম দিয়ে 'ভোরের কাগজ' সাময়িকীতে প্রকাশিত ড. আনিসুজ্জামানের বই এবং ব্যক্তি সম্বন্ধে আলোচনাগুলোর সংকলন এই গ্রন্থ। বইটিতে ষোলজন বিশিষ্ট ব্যক্তি সম্পর্কে আলোচনা এবং উনিশটি প্রবন্ধে বইপত্রের সমালোচনা রয়েছে। প্রকাশক : অন্যপ্রকাশ, মূল্য : ১৪০ টাকা।

**উপনিবেশের সংস্কৃতি, সিরাজুল ইসলাম চৌধুরী**

বইটিতে লেখকের ১২টি প্রবন্ধ স্থান পেয়েছে। ড. সিরাজুল ইসলাম চৌধুরী বইটির ভূমিকায় লিখেছেন, উপনিবেশ চলে গেছে বলে বলা হলেও প্রকৃতপক্ষে এখনো রয়ে গেছে। অর্থনীতিতে আছে, সংস্কৃতিতে অবশ্যই রয়েছে এবং সেটা অর্থনৈতিক কারণেই, অনেক পরিমাণে। বর্তমান গ্রন্থে বিভিন্নভাবে ভিন্ন ভিন্ন প্রসঙ্গ নিয়ে আলোচনা করা হয়েছে। কিন্তু সবকিছুকে ধারণ করে রয়েছে ঔপনিবেশিক সংস্কৃতির কঠিন বাস্তবতা। প্রকাশক : আফসার ব্রাদার্স, মূল্য : ৮০ টাকা।